

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.২৭.০২৭.২০১১-৯৯২


তারিখঃ ১৭/১০/২০১৭

বিষয় : কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলা প্রশাসনিক ভবনে টাইলস্ ফিটিং কাজের অনুমোদন।

সূত্র : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ এর স্মারক নং-১৮; তারিখ : ১৭/০৯/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলা প্রশাসনিক বর্ধিত ভবনের অফিস কক্ষ ও বারান্দায় টাইলস্ ফিটিং এর কাজ বাস্তবায়নের বিষয়ে ২৭,৬১,৯৭০/- (সাতাশ লক্ষ একষট্টি হাজার নয়শত সত্তর) টাকার প্রাক্কলন পাওয়া গেছে। প্রস্তাবিত কাজটি কোন্ তহবিলের অর্থায়নে বাস্তবায়ন হবে তা উল্লেখ নেই। এছাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ও রাজস্ব তহবিলের স্থিতি সংযুক্ত নেই।

এমতাবস্থায়, কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলা প্রশাসনিক বর্ধিত ভবনের অফিস কক্ষ ও বারান্দায় টাইলস্ ফিটিং এর কাজ বাস্তবায়নের বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পুনঃ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭/১০/১৭
(ড. জুলিয়া মঙ্গন)
উপসচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।